

দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪

সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net

E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৯০/২০১৪

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ২৮/১২/২০১৪খ্রিঃ

১৪ পৌষ, ১৪২১বাংলা

জরুরী দৃষ্টি আকর্ষণ

এতদ্বারা ইতিপূর্বে প্রচারিত প্রচার পত্র নং- ২২/২০১০ তাং-০১/০৪/২০১০খ্রিঃ, প্রচার পত্র নং- ৩৫/২০১০ তাং- ০২/০৬/২০১০খ্রিঃ ও প্রচার পত্র নং-২০/২০১৪ তাং-০৯/০৩/২০১৪খ্রিঃ এর প্রতি সকল সম্মানিত সদস্য/সদস্যদের পুনরায় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত প্রচার পত্রগুলোর মাধ্যমে কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ ব্যতিরেকে আমদানি ও রপ্তানি পণ্য চালানোর দলিলাদি শুক্কায়নের ক্ষেত্রে জড়িত প্রতিষ্ঠানকে প্রতিটি বিল অব এন্ট্রি ও এক্সপোর্টের বিপরীতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত কার্যকর করার বিষয়ে সম্মানিত সদস্য/সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল এবং কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ ব্যতিরেকে বিল অব এন্ট্রি ও এক্সপোর্ট দাখিল না করার অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ না করে শুক্কায়নের জন্য বিল অব এন্ট্রি ও এক্সপোর্ট দাখিলের প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এই প্রেক্ষিতে কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ ব্যতিরেকে বিল অব এন্ট্রি ও এক্সপোর্ট দলিলাদি দাখিল না করার জন্য সম্মানিত সদস্য/সদস্যদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

শুক্কায়নের জন্য বিল অব এন্ট্রি ও এক্সপোর্ট দাখিলের পূর্বে কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ করতে হবে এবং দাখিলকৃত দলিলাদির সাথে কল্যাণ তহবিলের অর্থ পরিশোধের রশিদ সংযুক্ত করতে হবে। কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ পূর্বক বিল অব এন্ট্রি ও এক্সপোর্টের দলিলাদি দাখিল করা হচ্ছে কিনা তাহা অত্র এসোসিয়েশন এবং কর্মচারী ইউনিয়ন তদারকি করবে। কোন প্রতিষ্ঠান কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ ব্যতিরেকে পণ্য চালান শুক্কায়নের চেষ্টা করলে উপরোক্ত জরিমানা অবশ্যই আরোপিত হবে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড

ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

পৃষ্ঠা নং- ১০০